

তারিখ: ০৭/০৯/২০২৫ খ্রি.

২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের লক্ষ্যে প্রাথমিক আবেদন করতে ইচ্ছুক শিক্ষার্থীকে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণের জন্য নির্দেশ দেয়া গেল।

শর্তাবলী:

- ১। (ক) অনলাইনে আবেদন ফরম পূরণ/প্রিন্টকপি সংগ্রহের সময়সীমা : ০৭/০৯/২০২৫ হতে ১৭/০৯/২০২৫ খ্রি.
(খ) ফরমের প্রিন্টকপি ও প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট বিভাগে জমাদানের সময়সীমা : ১৪/০৯/২০২৫ হতে ১৮/০৯/২০২৫ খ্রি.
- ২। আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি জমা দিতে হবে:
(ক) সকল পরীক্ষার নম্বরপত্র ও প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি- ১কপি করে।
(খ) স্নাতক (সম্মান)/প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রযোজ্য ক্ষেত্রে) রেজিস্ট্রারের সত্যায়িত ফটোকপি- ১কপি করে।
(গ) বর্তমানে জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্য বিশ্ববিদ্যালয়ের অধীনে কোন শিক্ষাকার্যক্রমে অধ্যয়নরত নই এবং দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবো- মর্মে অঙ্গীকারনামা।
- ৩। প্রাথমিক আবেদন ফি জমাদান: শিক্ষার্থীকে আগামী ০৮/০৯/২০২৫ হতে ১৮/০৯/২০২৫ খ্রি. তারিখের মধ্যে নিম্নোক্ত User Name এবং Password ব্যবহার করে <https://rangamaticollege.eshiksaems.com> এ Login করে আবেদন ফি, রেজিস্ট্রেশন ফি, ইনকোর্স পরীক্ষা ফি ও অন্যান্য ফি সর্বমোট ২,১৭০/- (দুই হাজার এক শত সত্তর) টাকা পরিশোধ করতে হবে।
User Name: rangamatistudent এবং Password: rangamatistudent
(ক) Apply for Application Form এর Select application group থেকে Admission Masters, NU Admission Roll, Student Name, Mobile Number এন্ট্রি দিয়ে Submit এ ক্লিক করতে হবে।
(খ) Education Management System এর Pay through Sonali Pay অপশনে গিয়ে Session এ ২০২৩ এন্ট্রি দিতে হবে এবং Class Roll/Admission Roll এ NU Admission Roll এন্ট্রি দিতে হবে। তারপর Connect Sonali Pay ক্লিক করতে হবে।
(গ) Sonali Payment Gateway ব্যবহার করে মোবাইল ব্যাংকিং মাধ্যমে নির্ধারিত ফি পরিশোধ করতে হবে।
(ঘ) সর্বশেষ শিক্ষার্থীকে Receipts Print ক্লিক করার পর NU Admission Roll এন্ট্রি দিয়ে Payslip ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।
- ৪। আবেদনের যোগ্যতা:
(ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ সাল ও তৎপরবর্তী সালসমূহে ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সিজিপিএ ২.২৫ প্রাপ্ত।
(খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ সাল ও তৎপরবর্তী সালসমূহে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় সিজিপিএ ২.২৫ প্রাপ্ত।
(গ) কারাবন্দীগণ অন্যান্য যোগ্যতা, যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে আবেদন করবে।
(ঘ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য অন্যান্য যোগ্যতা, কর্তৃপক্ষের অনুমতি ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে আবেদন করবে।
- ৫। আবেদনের নিয়মাবলী:
(ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এর Masters Tab এ গিয়ে Apply Now (Masters Private) অপশনে ক্লিক করতে হবে এবং প্রদর্শিত সকল তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।
(খ) “জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্যান্য বিশ্ববিদ্যালয়ের অধীনে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবো”- মর্মে অঙ্গীকারনামা আপলোড করতে হবে।
(গ) পাসপোর্ট সাইজের রঙিন ছবি Scan করে (ছবির মাপ 120×150 pixels, image type: jpg এবং maximum file size: 50kb) আপলোড করতে হবে।
(ঘ) ছবিসহ সকল সঠিক তথ্য এন্ট্রি করে Submit Application অপশন ক্লিক করলে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং ডাউনলোড করে অফসেট সাদা কাগজে (A-4 সাইজের) প্রিন্ট নিতে হবে।
(ঙ) চূড়ান্ত প্রিন্টকপি কলেজে জমা দেয়ার পূর্বে আবেদন ফরমের নির্ধারিত স্থানে অবশ্যই নিজ স্বাক্ষর করতে হবে।
- ৬। অনুমোদিত বিষয়সমূহ: ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা। উল্লেখ্য যে, বিষয় নির্বাচনের ক্ষেত্রে- স্নাতক (সম্মান)/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) প্রোগ্রামে পঠিত বিষয় অবশ্যই হতে হবে।

(প্রফেসর মোহাম্মদ নাসিমুল হক)

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ

রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিতরণ:

- ১। সম্পাদক, শিক্ষক পরিষদ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ২। বিভাগীয় প্রধান, ----- বিভাগ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৩। ক্যাশিয়ার/হিসাব সহকারী, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৪। ডাটা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাঁকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল;
- ৫। সংরক্ষণ নথি।